তারিখ: ৭/১১/২০০০
পৃষ্ঠা: ৩ কলাম ১

দৈনিক ইনকিলাব

43

# চট্টগ্রামের বিভিন্ন কলেজে স্নাতক ভর্তি যুদ্ধে অবতীর্ণদের উপর জুলুম চলছে

চঃবিঃ রিপোর্টার ঃ চট্টগ্রামের বিভিন্ন কলেজে স্নাতক (পাস ও অনার্স) শ্রেণীর ভর্তি যুদ্ধে অবতীর্ণ ছাত্রছাত্রীদের ওপর এক প্রকার জুলুম চলছে। বিশেষ করে ছাত্রলীগ নিয়ন্ত্রিত কলেজগুলোতে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের কাছ থেকে আদায় করা হচ্ছে অতিরিক্ত টাকা। তাদের ভর্তি ফরমের সাথে চড়া দামে গাইড বই কিনতে বাধ্য করা হচ্ছে। এ ব্যাপারে কেউ আপত্তি করলে নাজেহাল হতে হচ্ছে। কলেজ প্রশাসনের চোখের সামনেই এসব ঘটনা ঘটছে।

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের পরামর্শে বিশ্ববিদ্যালয়গুলোতে স্নাতক শ্রেণীর ভর্তি কার্যক্রম চলতি বছর ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করার প্রক্রিয়া চলছে। সে অনুসারে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সমান্তরালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত কলেজগুলোতেও ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। জানা গেছে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চলতি সেশনে ভর্তি ফরমের মূল্য নির্ধারণ করেছেন ১২০ টাকা। কিন্তু চট্টগ্রামের কলেজগুলোতে ভর্তি ফরমের মূল্যের কোন সমতা নেই। এক এক কলেজে এক এক রকম মূল্য আদায় হচ্ছে নিয়ম বহির্ভূতভাবে। এমনকি সরকারী কলেজগুলোতেও কোন নিয়ম মানা হচ্ছে না। গতকাল মঙ্গলবার নগরীর সরকারী সিটি কলেজে গিয়ে দেখা গেছে যে, প্রতিটি ভর্তি ফরমের মূল্য আদায় করা হচ্ছে ২৪০ টাকা। অতিরিক্ত টাকা আদায়ের ব্যাপারে একজন কর্মকর্তা জানান, এখানে ভর্তি ফরমের মূল্য ছাড়াও ছাত্র সংসদকে চাঁদা দিতে হয়। কয়েকটি বিভাগে দেখা গেছে, ফরম বিক্রির কাউন্টারে ছাত্র নেতারা অবস্থান করছে। তারা অতিরিক্ত টাকা আদায় ছাড়াও ভর্তি গাইডের নামে কতগুলো চটি বই কিনতে ভর্তিচ্ছুদের বাধ্য করছে। এ সময় তারা ভর্তিচ্ছুদের কাগজপত্র আটকে রাখে। দূর-দূরান্ত থেকে আগত অসহায় ভর্তিচ্ছুরা অগত্যা অতিরিক্ত টাকা গুণতে বাধ্য হচ্ছে। প্রতিবাদ করতে গিয়ে অনেকে নাজেহাল হয়েছে বলেও প্রকাশ। ছাত্রলীগ নিয়ন্ত্রিত অন্যান্য কলেজেও একই অবস্থা। সেখানে কলেজ প্রশাসনের কোন নিয়ন্ত্রণ নেই। ছাত্রলীগের নেতারাই সবকিছু নিয়ন্ত্রণ করছে।

এদিকে চট্টগ্রাম কলেজে অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ পাওয়া যায়নি। ১২০ টাকায় ফরম কিনে ভর্তিচ্ছুরা যে কোন ৩টি বিষয়ে ভর্তির আবেদনের সুযোগ পাচ্ছে। অনার্স ও পাস কোর্সে ভর্তির জন্য গতকাল মঙ্গলবার পর্যন্ত চট্টগ্রাম কলেজে প্রায় ১১ হাজার আবেদনপত্র জমা পড়েছে বলে জানা গেছে। এই কলেজে আগামী ১৫ নভেম্বর পর্যন্ত ভর্তির আবেদন করা যাবে। সরকারী সিটি কলেজে ভর্তি ফরম বিক্রি ও জমা নেয়া হবে আগামী ১০ নভেম্বর পর্যন্ত। নগরীর সরকারী মহিলা কলেজে আগামী ২০ নভেম্বর পর্যন্ত ভর্তি ফরম বিক্রি হবে। সরকারী কমার্স কলেজে ইতোমধ্যে ফরম বিক্রি শেষ হয়েছে। এই কলেজে অনার্স ও পাস কোর্সের ভর্তি পরীক্ষার ফলাফল গত সোমবার প্রকাশিত হয়েছে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের আগামী ১১ নভেম্বর ও ১৩ নভেম্বরের মধ্যে ভর্তি হতে হবে বলে কর্তৃপক্ষ জানান।

এদিকে কমার্স কলেজের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, এই কলেজের বিবিএ প্রোগ্রামে ভর্তি পরীক্ষা আগামী ১২ নভেম্বর রবিবার বেলা ১১টায় অনুষ্ঠিত হবে। এই পরীক্ষা ৫ নভেম্বর অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।